গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
চট্টগ্রাম
www.bpc.gov.bd

# বিপিসি'র আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৫

**ভূমিকাঃ** দেশে জ্বালানি তেলের আমদানি, মজুদ, উৎপাদন, সরবরাহ ও বিপণনের একমাত্র রাষ্ট্রীয় সংবিধিবদ্ধ সংস্থা হলো বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)। বিদেশ থেকে জ্বালানি তেল আমদানি ও অপারেশনে সৃষ্ট দুর্ঘটনা, অংশীজনদের সাথে স্বার্থের দ্বন্দ্বে সৃষ্ট আইনী জটিলতাসহ নানাবিধ কারণে বিপিসিকে আইনী সমস্যার মুখোমুখি হতে হয়। বিপিসিতে বর্তমানে কোন আইনজীবী প্যানেল না থাকায় দেওয়ানী, ফৌজদারী, কর্পোরেট, মেরিটাইম, আয়কর, শ্রম আইন এবং প্রচলিত অন্যান্য আইন বিষয়ে পারদর্শীদের নিয়ে আইনজীবীদের একটি প্যানেল করা আবশ্যক। বিপিসি প্রান্তে পুঞ্জিভুত মামলা জট হ্রাসকরণ ও যাবতীয় আইনি বিষয়ে বিপিসি'র স্বার্থ সংরক্ষনের নিমিত্ত সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের নিয়ে বিপিসি'র আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৫ প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম ও প্রবর্তনঃ**

২.১ এ নির্দেশিকা "বিপিসির আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৫" নামে অবহিত হবে;

২.২ এ নির্দেশিকা বিপিসি'র মামলা পরিচালনায় নিযুক্ত আইনজীবী ও আইন উপদেষ্টাদের জন্য প্রযোজ্য হবে;

২.৩ এ নির্দেশিকা অবিলম্বে কার্যকর হবে।

৩। **লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

৩.১ বিপিসি প্রান্তে বিদ্যমান ও ভবিষ্যতে উদ্ভুত মামলা/আইনি জটিলতা নিরসন করা;

৩.২ মামলা/আইন আদালত সংক্রান্ত বিষয়ে বিপিসি তথা সরকারের স্বার্থ সংরক্ষন ও সুরক্ষা নিশ্চিত করা।

৪। **সংজ্ঞাঃ**

৪.১ 'কর্পোরেশন/সংস্থা' বলতে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-কে বুঝাবে;

৪.২ 'চেয়ারম্যান' বলতে বিপিসি'র চেয়ারম্যান কে বুঝাবে;

৪.৩ 'পরিচালনা পর্ষদ' বলতে বিপিসি'র পরিচালনা পর্ষদকে বুঝাবে;

৪.৪ 'পরিচালক' বলতে বিপিসি'র পরিচালককে বুঝাবে;

৪.৫ 'সচিব' বলতে বিপিসি'র সচিব কে বুঝাবে;

৪.৬ 'সাচিবিক বিভাগ' বলতে সংস্থার সাচিবিক বিভাগকে বুঝাবে;

৪.৭ আইন উপদেষ্টা বলতে বিপিসির সাথে চুক্তিবদ্ধ বিজ্ঞ আইনজীবীকে বুঝাবে, যিনি বিপিসিকে আইন বিষয়ক পরামর্শ এবং দিকনির্দেশনা প্রদান করবেন। যেমন- চুক্তি, মামলা-মোকদ্দমা, ভূমি আইন, কোম্পানি আইন বিষয়ক পরামর্শ এবং দিকনির্দেশনা ইত্যাদি। এছাড়া বিভিন্ন আইনি নথি ও দলিলাদি প্রস্তুতে সহায়তা করবেন। যেমন- চুক্তিপত্র, হলফনামা ইত্যাদি।

৪.৮ প্যানেল আইনজীবী বলতে বিপিসির সাথে চুক্তিবদ্ধ দেওয়ানী, ফৌজদারী, কর্পোরেট, মেরিটাইম, আয়কর এবং শ্রম সংক্রান্ত মামলাসহ যাবতীয় মামলা পরিচালনাকারী আইনজীবীকে বুঝাবে;

৪.৯ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে 'অনুমোদনকারী কর্তৃপক্ষ' বলতে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কে বুঝাবে;

৪.১০ 'আইন কর্মকর্তা' বলতে আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী কার্যক্রম মনিটরপূর্বক কর্তৃপক্ষ বরাবর নিয়মিত মামলার হালনাগাদ প্রতিবেদন উপস্থাপনের দায়িত্বপ্রাপ্ত সংস্থার কর্মকর্তাকে বুঝাবে;

৪.১১ 'দায়িত্বপ্রাপ্ত আইনজীবী' বলতে বিপিসি কর্তৃক মামলা পরিচালনার অনুমতি প্রাপ্ত আইনজীবীকে বুঝাবে।

**৫। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ প্রক্রিয়াঃ**

৫.১ বিপিসি'র বিদ্যমান ও ভবিষ্যতে উদ্ভুত মামলা পরিচালনার জন্য আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে বহুল প্রচারিত ২টি জাতীয় (তন্মধ্যে ১টি ইংরেজী) ও ১টি স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তির প্রকাশের মাধ্যমে আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী হিসেবে অর্ন্তভুক্তির আগ্রহ ব্যক্তকারী আইনজীবীদের প্রস্তাব আহ্বান করতে হবে;

৫.২ বিপিসি'র সাচিবিক বিভাগ এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করবে।

**৬। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী যোগ্যতাঃ**

৬.১ বিপিসি'র আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী হিসেবে অর্ন্তভুক্তির আগ্রহ ব্যক্তকারিদের নিম্নরূপ যোগ্যতা থাকতে হবেঃ

৬.১.১ স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ডিগ্রী;

৬.১.২ বার কাউন্সিলের সনদ;

৬.১.৩ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের আইনজীবীদের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগে মামলা পরিচালনায় ১০ বৎসরের অভিজ্ঞতা;

৬.১.৪ জেলা পর্যায়ের/ অধস্তন আদালতের আইনজীবীদের জন্য জেলা পর্যায়ে/ অধস্তন আদালতে/ ট্রাইব্যুনালে দেওয়ানী/ফৌজদারী আদালতে মামলা পরিচালনায় ১০ বৎসরের অভিজ্ঞতা (তবে দেওয়ানী মামলার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে)।

৬ (ক)। **আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিযুক্তিতে মুল্যায়ণ সংক্রান্ত বিবেচ্য মানদন্ডঃ**

| | |
|---|---|
| **ক) শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতা** | **= ৭০ নম্বর** |
| **খ) সাক্ষাৎকার (Interview)** | **= ৩০ নম্বর** |
| **মোট** | **১০০ নম্বর** |

**শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতার জন্য নির্ধারিত ৫০ নম্বরের বিভাজন নিম্নরূপঃ**

| বিবরণ | মোট নম্বর | নম্বর বন্টন |
|---|---|---|
| শিক্ষাগত যোগ্যতা (স্নাতক/স্নাতকোত্তর) | ২৫ | এল.এল.বি-১৫, এল.এল.বি (অনার্স)-২০, এল. এল.এম-২৫ |
| আইনের উচ্চতর ডিগ্রি/ডক্টরেট | ১০ | ডক্টরেট-১০, এমফিল-৫, বার-এট-ল-৮ |
| জেলা জজ আদালতে প্র্যাকটিস এর অভিজ্ঞতা | ১০ | প্রতি বছরের জন্য ০.৫০, সর্বোচ্চ ১০ |
| বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে প্র্যাকটিস এর অভিজ্ঞতা | ১০ | প্রতি বছরের জন্য ০.৫০, সর্বোচ্চ ১০ |
| বাংলাদেশ সুপ্রিম কোর্টের অ্যাপিলেট ডিভিশনে প্র্যাকটিস এর অভিজ্ঞতা | ১০ | প্রতি বছরের জন্য ১.০০, সর্বোচ্চ ১০ |
| সিনিয়র আইনজীবী হিসেবে অভিজ্ঞতা | ০৫ | প্রতি বছরের জন্য ১.০০, সর্বোচ্চ ০৫ |
| মোট | ৭০ | |

**০৭। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিযুক্তিতে প্রয়োজনীয় সনদ ও কাগজাদিঃ**

৭.১ প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে আগ্রহ ব্যক্তকারী আইনজীবীদের আগ্রহ ব্যক্তকরণের অনুরোধ সম্বলিত প্রস্তাবের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত থাকতে হবেঃ

৭.১.১ আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল ও বয়স ইত্যাদি উল্লেখসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত;

৭.১.২ পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি;

৭.১.৩ টিআইএন সনদ;

৭.১.৪ জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি;

৭.১.৫ বাংলাদেশ বার কাউন্সিলের পেশাগত সনদ;

৭.১.৬ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগে মামলা পরিচালনায় ১০ বৎসর অভিজ্ঞতার সনদ;

৭.১.৭ জেলা পর্যায়ের/ অধস্তন আদালতের/ ট্রাইব্যুনালের আইনজীবীদের জন্য জেলা পর্যায়ে/ অধস্তন আদালতে/ ট্রাইব্যুনালের এ্যাডভোকেট হিসেবে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সনদ;

৭.১.৮ অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তার প্রমাণপত্র সনদ ও

৭.১.৯ বিপিসিতে পূর্বে আইন উপদেষ্টা/আইনজীবী/প্যানেল আইনজীবী হিসেবে কর্মকালীন অভিজ্ঞতা, দক্ষতা ও সুনাম-কে অগ্রাধিকার দেয়া হবে।

**৮। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী তালিকাভুক্ত করার পদ্ধতি ও মেয়াদঃ**

৮.১ বিপিসি কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইপূর্বক আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ চূড়ান্তকরণের লক্ষ্যে কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে নিম্নরূপ কমিটি দায়িত্ব পালন করবেঃ

| | | |
|---|---|---|
| (ক) পরিচালক (অর্থ), বিপিসি | - | আহবায়ক |
| (খ) সচিব, বিপিসি | - | সদস্য |
| (গ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের এক জন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| (ঘ) ডেপুটি এটর্নি জেনারেল (এটর্নি জেনারেল কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| (ঙ) উর্ধ্বতন মহাব্যবস্থাপক/ মহাব্যবস্থাপক (হিসাব), বিপিসি | - | সদস্য |
| (চ) উর্ধ্বতন মহাব্যবস্থাপক/ মহাব্যবস্থাপক (বন্টন ও বিপণন), বিপিসি | - | সদস্য |
| (ছ) উপমহাব্যবস্থাপক/ব্যবস্থাপক (প্রশাসন), বিপিসি | - | সদস্য-সচিব |

*তবে প্রয়োজনে সংস্থার চেয়ারম্যান এর অনুমোদনক্রমে বর্ণিত কমিটি এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৮.২ অনুচ্ছেদ-৮.১ এ বর্ণিত কমিটি অনুচ্ছেদ-৬ ও ৭ এর শর্ত পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনীয় সংখ্যক আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর নাম সুপারিশ করবেন। উক্ত সুপারিশের আলোকে সংস্থার চেয়ারম্যান এর অনুমোদনের পরিপ্রেক্ষিতে সাচিবিক বিভাগ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর তালিকা চূড়ান্ত করবেন;

৮.৩ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর নিয়োগের মেয়াদ হবে নিয়োগপত্র ইস্যুর তারিখ হতে ৩ (তিন) বছর। তবে শর্ত থাকে যে কোন পক্ষ ১ (এক) মাসের নোটিশ প্রদান সাপেক্ষে এই নিয়োগ রহিত/বাতিল করতে পারবে;

৮.৪ উক্ত নিয়োগের মেয়াদান্তে পুনঃনিয়োগের ক্ষেত্রে (০৩ বছরের জন্য) তালিকাভুক্ত প্রত্যেক আইনজীবীর বিগত বছরসমূহের কর্মদক্ষতা বিবেচনা করা হবে;

৮.৫ সাচিবিক বিভাগ কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে অনুচ্ছেদ-১০ এর বর্ণিত শর্ত পরিপালনের শর্তে প্যানেল আইনজীবীর অনুকূলে সাময়িক নিয়োগ পত্র ইস্যু করবে।

৮.৬ একজন আইনজীবীকে একইসাথে সংস্থার আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ প্রদান করা যাবে না। একজন আইনজীবী একইসময়ে যে কোন একটি পদে অর্থাৎ আইন উপদেষ্টা অথবা প্যানেল আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

৯। **আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর তালিকা প্রণয়নঃ**

৯.১ আইন উপদেষ্টা হিসেবে অন্যূন ২ (দুই) জন আইনজীবিকে তালিকাভুক্ত করতে হবে;

৯.২ কর্পোরেশনের পক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের জন্য একটি ও দেশের বিভিন্ন জেলা জজ আদালত, ট্রাইব্যুনাল এবং অন্যান্য অধঃস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালতসমূহে কর্পোরেশন সংশ্লিষ্ট মামলাসমূহ পরিচালনার জন্য অপর একটি মোট ০২ (দুই) টি পৃথক প্যানেল আইনজীবীর তালিকা প্রণয়ন করতে হবে;

৯.৩ বাংলাদেশ সুপ্রীম কোর্টের জন্য প্রস্তুতকৃত প্যানেল আইনজীবী তালিকায় মামলার সংখ্যানুপাতে অন্যূন ৩ (তিন) জন এবং অন্যান্য অধঃস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত এবং ট্রাইব্যুনালসমূহের জন্য প্রস্তুতকৃত প্যানেল আইনজীবী তালিকায় মামলার সংখ্যা বিবেচনায় অন্যূন ০৭ (সাত) জন আইনজীবী তালিকাভুক্ত করতে হবে। তবে মামলার সংখ্যানুপাতে আইনজীবীর সংখ্যা পরিবর্তনযোগ্য।

১০। **বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগের/চুক্তিপত্রের শর্তাবলীঃ**

১০.১ আইন উপদেষ্টা/প্যানেল আইনজীবী নিয়োগ ৩ (তিন) বৎসরের জন্য হতে হবে;

১০.২ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীগণ এ নির্দেশিকার অনুচ্ছেদ-১১ এর 'পরিশিষ্ট-ক', 'পরিশিষ্ট-খ' ও 'পরিশিষ্ট-গ' মোতাবেক সম্মানি ও আনুষঙ্গিক ব্যয়ের অর্থ প্রাপ্য হবেন।

১০.৩ প্যানেল আইনজীবীগণ নির্ধারিত সম্মানী ও আনুষঙ্গিক ব্যয়ের অর্থ ছাড়া কোন বেতন-ভাতা/অতিরিক্ত সম্মানী প্রাপ্য হবে না। তবে আইন উপদেষ্টা হিসেবে তালিকাভুক্ত আইনজীবীগণ প্রত্যেকে ১০ (দশ) হাজার টাকা হারে মাসিক সম্মানী/ভাতা প্রাপ্য হবেন;

১০.৪ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের মামলার ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন কর্মকর্তা ও অ্যাটর্নি জেনারেলের দপ্তরের সাথে সমন্বয় করে দায়িত্ব পালন করতে হবে;

১০.৫ যে কোন মামলার দায়িত্ব দিলে তা গ্রহণে বাধ্য থাকবে;

১০.৬ প্রয়োজন ক্ষেত্রে নিয়োজিত আইনজীবীর নিকট হস্তান্তরিত মামলার অনাপত্তিসহ যাবতীয় কাগজপত্র অন্য বিজ্ঞ আইনজীবীর নিকট হস্তান্তরে বাধ্য থাকবে;

১০.৭ নিয়োজিত প্যানেল আইনজীবী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর বিরুদ্ধে দায়েরকৃত কোন মামলায় অন্য পক্ষের হয়ে নিয়োজিত হতে পারবেন না;

১০.৮ কোন আইনজীবী নিজে অব্যাহতি চাইলে অথবা কোন আইনজীবীকে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন অব্যাহতি দিতে চাইলে উভয় ক্ষেত্রে ৩০ দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে;

১০.৯ প্রশাসনিক ট্রাইব্যুনাল/বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে মামলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট আইন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে দায়িত্ব পালন করতে হবে;

১০.১০ উভয় পক্ষের সম্মতিতে নিয়োগ পুনরায় ০৩ (তিন) বৎসরের জন্য নবায়ন করা যেতে পারে;

১০.১১ মামলা নিষ্পত্তি/অগ্রগতি বিষয়ে সংশ্লিষ্ট আইনজীবীকে বিপিসি দায়িত্ব প্রাপ্ত আইন কর্মকর্তার নিকট প্রতিমাসে মামলার হালনাগাদ অগ্রগতি (প্রমাণকসহ) রিপোর্ট দিতে হবে;

১০.১২ বিপিসি'র আইন উপদেষ্টা/প্যানেল আইনজীবীগণ বিপিসি'র আওতাধীন কোম্পানিসমূহের পক্ষে বিপিসি'র স্বার্থ সংশ্লিষ্ট কোন মামলায় দায়িত্ব পালন করতে পারবে না।

**১১। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর প্রাপ্য ফি এর হারঃ**

১১.১ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ এবং দেশের বিভিন্ন জেলা জজ আদালত, ট্রাইব্যুনাল ও অন্যান্য অধঃস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালতসমূহে বিচারাধীন মামলা পরিচালনা এবং বিভিন্ন আইনগত মতামত প্রদানের জন্য তালিকাভুক্ত বিজ্ঞ আইনজীবীগণের সম্মানী ও আনুষঙ্গিক ব্যয়ের প্রাপ্যতার বিবরণ;

১১.১(ক) বাংলাদেশ সুপ্রীম কোর্টের মামলা পরিচালনার জন্য বিজ্ঞ আইনজীবীগণ **পরিশিষ্ট 'ক'** অনুযায়ী সম্মানী ও আনুষঙ্গিক ব্যয় প্রাপ্য হবেন;

১১.১(খ) দেশের বিভিন্ন জেলা জজ আদালত, ট্রাইব্যুনাল ও অন্যান্য অধঃস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালতসমূহে বিচারাধীন মামলা পরিচালনা এবং বিভিন্ন আইনগত মতামত প্রদানের জন্য তালিকাভুক্ত বিজ্ঞ প্যানেল আইনজীবীগণ **পরিশিষ্ট 'খ'** অনুযায়ী সম্মানী ও আনুষঙ্গিক ব্যয় প্রাপ্য হবেন;

১১.১(গ) আইন উপদেষ্টাগণ প্রত্যেকে ১০ (দশ) হাজার টাকা হারে মাসিক সম্মানী/ভাতার পাশাপাশি **'পরিশিষ্ট-গ'** মোতাবেক সম্মানি ও আনুষঙ্গিক ব্যয়ের অর্থ প্রাপ্য হবেন।

১১.২ প্রাপ্য ফি-এর সর্বোচ্চ পরিমাণ এর সীমার মধ্যে মামলার গুরুত্ব অনুযায়ী কম-বেশি করার প্রস্তাব সাচিবিক বিভাগ সংরক্ষন করে যা সংস্থার চেয়ারম্যান কর্তৃক অনুমোদনযোগ্য।

**১২। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর বিল পরিশোধ পদ্ধতিঃ**

১২.১ যেকোন পর্যায়ের মামলার বিল অথবা অগ্রিম/চূড়ান্ত বিলের টাকা সংশ্লিষ্ট মামলার ভলিউম ও প্রযোজ্য ক্ষেত্রে বিল রেজিস্টারে এন্ট্রি করতে হবে;

১২.২ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী আইনগত মতামত ও মামলা পরিচালনা সংক্রান্ত যাবতীয় ফি কর্পোরেশন এর সাচিবিক বিভাগ কর্তৃক নির্ধারিত ফরমে সুস্পষ্ট দফা উল্লেখপূর্বক যথাযথভাবে পূরণ করে মামলার প্রাসঙ্গিক তথ্য ও নম্বর উল্লেখপূর্বক খাতওয়ারী বিল দাখিল করবেন। দফা ও মামলার প্রাসঙ্গিক তথ্য উল্লেখ ব্যতিরেকে দাখিলকৃত বিলের সংশ্লিষ্ট অংশ/টাকা প্রদেয় হবে না। উল্লেখ্য যে, মামলাসমূহের গুরুত্ব বিবেচনায় বিশেষ প্রয়োজনে চেয়ারম্যান এর অনুমোদনক্রমে অগ্রিম বিল দাখিল করা যাবে। এক্ষেত্রে গৃহিত অগ্রিম পরবর্তী বিলে অবশ্যই সমন্বয় করতে হবে;

১২.৩ সকল প্রকার মামলা দায়ের/অংশ গ্রহণের পর বা জবাব/আপত্তি ইত্যাদি দাখিলের পর খাতওয়ারী মামলার নম্বর প্রয়োজনীয় কাগজাদি দাখিলসহ মামলার ১ম পর্যায়ের ফি/বিলের টাকা পরিশোধযোগ্য হবে। সময়ে সময়ে দাখিলকৃত বিলসমূহ পর্যালোচনা সাপেক্ষে পরিশোধযোগ্য। মামলা পরিচালনা বাবদ চূড়ান্ত বিল মামলা নিষ্পত্তির পর রায়ের কপিসহ সাচিবিক বিভাগে দাখিল করতে হবে;

১২.৪ সাচিবিক বিভাগ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী কর্তৃক দাখিলকৃত বিল যাচাই-বাছাই পূর্বক উক্ত বিল/সংশোধিত বিল পরিশোধের নিমিত্ত সংস্থার চেয়ারম্যান এর প্রয়োজনীয় নির্দেশনা এবং অনুমোদন গ্রহণ করবেন।

**১৩। আইন উপদেষ্টা ও প্যানেলভুক্ত আইনজীবীর দায়িত্ব ও কর্তব্যঃ**

১৩.১ কর্পোরেশন এর চাহিদা মোতাবেক মামলা মোকদ্দমা দায়ের ও শুনানী সম্পন্ন করা;

১৩.২ প্রতিটি মামলায় কর্পোরেশন এর স্বার্থ রক্ষা করা এবং মামলার দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ও সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করা;

১৩.৩ যেকোন মামলার অগ্রগতি কিংবা তথ্যগত বিষয়াদি সময়ে সময়ে চাহিদা মোতাবেক কর্পোরেশনকে জানাতে হবে;

১৩.৪ যেকোন মামলার রায় কর্পোরেশন এর পক্ষে/বিপক্ষে বা আংশিক-পক্ষে/বিপক্ষে ইত্যাদি বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবে। রায় কর্পোরেশন এর অনুকূলে না হলে (আপিল রিভিশন, সিপিএলএ/সিএমপি দায়ের যোগ্য মামলার ক্ষেত্রে) উক্ত রায় ঘোষণার সঙ্গে সঙ্গেই নকলের দরখাস্ত দিতে হবে এবং নকল ডেলিভারির জন্য প্রস্তুতের তারিখেই উত্তোলন করে ৩ (তিন) দিনের মধ্যে রায়ের নকলসহ কর্পোরেশন এর সাচিবিক বিভাগকে জানাতে হবে;

১৩.৫ এছাড়াও মামলা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজাদি/জাবেদা নকল আদালত হতে উত্তোলন ও কর্পোরেশন এর সাচিবিক বিভাগকে সরবরাহ করা;

১৩.৬ সংস্থার স্বার্থ আছে এমন মামলায় সংস্থার বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না;

১৩.৭ নিয়োগের শর্তাবলী চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে;

১৩.৮ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৪। আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর তালিকা হতে অব্যাহতি প্রদানের পদ্ধতিঃ**

১৪.১ সংস্থার চেয়ারম্যান এর অনুমোদনক্রমে সাচিবিক বিভাগ নিম্ন বর্ণিত কারণে যে কোন **আইন উপদেষ্টা ও** প্যানেল আইনজীবীকে আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর তালিকা হতে অব্যাহতি দিতে পারবেঃ

১৪.১.১ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর ইচ্ছাকৃত অবহেলা বা গাফিলতির কারণে কোন মামলায় কর্পোরেশন এর স্বার্থের ক্ষুন্ন হলে;

১৪.১.২ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর সাথে মামলার বিরুদ্ধ পক্ষ বা মামলার স্বার্থ সংশ্লিষ্ট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনৈতিক/অপ্রত্যাশিত যোগাযোগ থাকলে;

১৪.১.৩ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী কর্পোরেশন এর কোন মামলা দায়ের, পরিচালনা কিংবা পদক্ষেপ গ্রহণ অথবা শুনানীর অনুষ্ঠানে ইচ্ছাকৃত বিলম্ব ঘটালে;

১৪.১.৪ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবীর জন্য কর্পোরেশন এর নির্ধারিত মামলার অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন, ফরম বিল সমন্বয় ইত্যাদি সময়মত দাখিলে ব্যর্থ হলে;

১৪.১.৫ আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী কর্পোরেশন এর কোন মামলা দায়ের, পরিচালনা কিংবা পদক্ষেপ গ্রহণ অথবা শুনানীর অনুষ্ঠানে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকলে;

১৪.১.৬ অন্যান্য উদ্ভূত বিশেষ পরিস্থিতিতে কর্পোরেশন এর স্বার্থ সমুন্নত রাখার প্রয়োজনে।

**১৫। বিবিধঃ**

১৫.১ পরিশিষ্ট 'ক', 'খ' ও 'গ' এর তালিকা/সারণীতে উল্লেখ নেই এরূপ পদক্ষেপ/কাজের বিল সাচিবিক বিভাগের সুপারিশক্রমে সংস্থার চেয়ারম্যান অনুমোদন করবেন;

১৫.২ বাংলাদেশ সুপ্রীমকোর্ট, জেলা জজ আদালত, ট্রাইব্যুনাল বা অন্যান্য অধঃস্তন আদালতসমূহের গুরুত্বপূর্ণ চলমান কোন মামলায় কর্পোরেশন এর স্বার্থে জরুরি প্রয়োজনে কর্পোরেশন এর প্যানেলভুক্ত বিজ্ঞ আইনজীবী ব্যতীত অন্য কোন স্বনামধন্য আইনজীবী নিযুক্ত করা আবশ্যক হলে সাচিবিক বিভাগের সুপারিশক্রমে সংস্থার চেয়ারম্যান অনুমোদন করবেন;

১৫.৩ বিপিসি তথা সরকারের স্বার্থ সুরক্ষার নিমিত্ত সংস্থার চেয়ারম্যান প্যানেল আইনজীবী থেকে যে কোন আইনজীবীকে মামলার গুরুত্ব/স্বার্থ বিবেচনায় সংশ্লিষ্ট মামলা পরিচালনার দায়িত্ব হতে অব্যাহতি প্রদান/ বিরত করতে পারবেন।

১৫.৪ কোন মামলা শুনানী/যুক্তিতর্কের জন্য তারিখ নির্ধারিত থাকা সত্ত্বেও কোন কারণে ঐ দিন শুনানী অনুষ্ঠিত না হয়ে থাকলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্যানেল আইনজীবী হাজিরা বিল প্রাপ্য হবেন। উল্লিখিত জেলা

জজ আদালত/অধঃস্তন আদালত এর ফি তালিকায় **পরিশিষ্ট 'খ'** ৬ নম্বর ক্রমিকের শুনানী ব্যতীত সকল ক্ষেত্রে শুনানী/যুক্তিতর্ক বাবদ উল্লিখিত বিল সাকুল্য বিল (Consolidated bill) হিসাবে গণ্য হবে;

১৫.৫ নম্বর ক্রমিকের আওতাধীন হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগ এর ফি তালিকায় উল্লিখিত শুনানীর বিল দাখিলের সময় একাধিক তারিখে মামলার শুনানী হয়ে থাকলে এ সংক্রান্ত রেকর্ড/তথ্য প্রমাণ দাখিল করতে হবে।

**১৬। কার্যকারিতাঃ**

বিপিসি'র আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী নিয়োগ ও ব্যবস্থাপনা নির্দেশিকা-২০২৫ জারীর তারিখ থেকে কার্যকর হবে।

**১৭। নির্দেশিকায় ব্যাখ্যা প্রদানের ক্ষমতাঃ**

এ নির্দেশিকায় কোন অনুচ্ছেদ/অংশের অর্থের অস্পষ্টতা থাকলে বা কোন বিষয়ে ব্যাখ্যার প্রয়োজন হলে বিপিসি'র ব্যাখ্যা চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৮। সংশোধন, সংযোজন, বিয়োজন এবং পরিমার্জনঃ**

এই নির্দেশিকা প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করার সকল ক্ষমতা বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন সংরক্ষণ করে।

২৮.০৭.২৫

(মোঃ আমিন উল আহসান)
চেয়ারম্যান

## ক. আপিল বিভাগঃ

| ক্রম | বিবরণ | প্রাপ্য ফি এর পরিমাণ |
|---|---|---|
| ১. | ক) আপিলের অনুমতি বা লিভ টু আপিল প্রস্তুত ও দায়ের | সর্বোচ্চ ৭,০০০/- |
| | খ) আপিলের অনুমতি বা লিভ টু আপিল এর শুনানী বাবদ | সর্বোচ্চ ৩,০০০/- |
| | গ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ৩,০০০/- |
| ২. | ক) দেওয়ানী আপিলের মুসাবিদা প্রস্তুত ও দায়ের | সর্বোচ্চ ৮,৫০০/- |
| | খ) দেওয়ানী আপিলের শুনানী বাবদ | সর্বোচ্চ ৩,০০০/- |
| | গ) পেপারবুক প্রস্তুতসহ আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ৪,০০০/- |
| ৩. | জরুরী দরখাস্ত প্রস্তুত ও শুনানী বাবদ সাকুল্যে | সর্বোচ্চ ৬,০০০/- |
| ৪. | মামলার গুণাগুণ বা অন্যান্য বিষয়ে আইনগত মতামত (Legal Opinion) প্রদান। | সর্বোচ্চ ৩,৫০০/- |
| ৫. | কেভিয়েট ফাইল (Caveat File) | সর্বোচ্চ ৩,০০০/- |
| ৬. | এ্যাডভোকেট অন রেকর্ড ফি | সর্বোচ্চ ৮,০০০/- |
| ৭. | রায়/আদেশ/পিটিশন ইত্যাদির জাবেদা নকল উত্তোলন (প্রকৃত খরচসহ) | প্রকৃত খরচ |
| ৮. | কোর্ট ফি | প্রকৃত খরচ |
| | সরকারি ফি (রেজিস্টার অফিস) | প্রকৃত খরচ |
| ৯. | জুনিয়র ফি বাবদ সাকুল্যে (সম্পূর্ণ মামলার জন্য) | সর্বোচ্চ ৭,০০০/- |
| ১০. | ক্লার্ক ফি বাবদ সাকুল্যে (সম্পূর্ণ মামলার জন্য) | সর্বোচ্চ ৩,০০০/- |
| ১১. | আইনগত মতামত | সর্বোচ্চ ৩,০০০/- |

## খ. হাইকোর্ট বিভাগঃ

| ক্রম | বিবরণ | প্রাপ্য ফি এর পরিমাণ |
|---|---|---|
| ১. | ক) দেওয়ানী রিভিশনের মসাবিদা প্রস্তুত ও দায়ের | সর্বোচ্চ ৭,০০০/- |
| | খ) দেওয়ানী রিভিশনের শুনানী বাবদ | সর্বোচ্চ ৩,০০০/- |
| | গ) কোর্ট ফি | প্রকৃত খরচ |
| | ঘ) Motion শুনানী (Rule/Stay) | সর্বোচ্চ ৬,০০০/- |
| | ঙ) Requisite জমা | প্রকৃত খরচ |
| | চ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ৩,০০০/- |
| ২. | ক) দেওয়ানী আপিলের দরখাস্তের মুসাবিদা প্রস্তুত ও দায়ের বাবদ | সর্বোচ্চ ৩,৫০০/- |
| | খ) দেওয়ানী রিভিশনের বিবিধ দরখাস্তের শুনানী বাবদ | সর্বোচ্চ ৩,০০০/- |
| | গ) কোর্ট ফি | প্রকৃত খরচ |
| | ঘ) Requisite জমা | প্রকৃত খরচ |
| | ঙ) পেপারবুক | সর্বোচ্চ ৪,০০০/- |
| | চ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ৩,০০০/- |
| ৩. | ক) দেওয়ানী আপিলের দরখাস্তের মুসাবিদা প্রস্তুত ও দায়ের বাবদ | সর্বোচ্চ ৮,৫০০/- |
| | খ) দেওয়ানী আপিলের দরখাস্তের শুনানী বাবদ | সর্বোচ্চ ৩,০০০/- |
| | গ) কোর্ট ফি | প্রকৃত খরচ |
| | ঘ) Requisite জমা | প্রকৃত খরচ |
| | ঙ) পেপারবুক | সর্বোচ্চ ৪,০০০/- |
| | চ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ২,৫০০/- |

| ক্রম | বিবরণ | প্রাপ্য ফি এর পরিমাণ |
|---|---|---|
| ৪. | ক) দেওয়ানী আপিলের বিবিধ দরখাস্তের মুসাবিদা প্রস্তুত ও দায়ের | সর্বোচ্চ ৩,৫০০/- |
| | খ) দেওয়ানী আপিলের বিবিধ দরখাস্তের শুনানী বাবদ | সর্বোচ্চ ৩,০০০/- |
| | গ) কোর্ট ফি | প্রকৃত খরচ |
| | ঘ) Requisite জমা | প্রকৃত খরচ |
| | ঙ) পেপারবুক | সর্বোচ্চ ৪,০০০/- |
| | চ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ২,৫০০/- |
| ৫. | ক) রীট পিটিশন এর মুসাবিদা প্রস্তুত ও দায়ের | সর্বোচ্চ ৮,৫০০/- |
| | খ) রীট পিটিশন এর শুনানী বাবদ | সর্বোচ্চ ৩,০০০/- |
| | গ) Motion দরখাস্তের মুসাবিদা প্রস্তুত, দায়ের ও শুনানী বাবদ | সর্বোচ্চ ৫,০০০/- |
| | ঘ) বিবিধ দরখাস্তের মুসাবিদা প্রস্তুত, দায়ের ও শুনানী বাবদ | সর্বোচ্চ ৩,০০০/- |
| | ঙ) কোর্ট ফি | প্রকৃত খরচ |
| | চ) Requisite জমা | প্রকৃত খরচ |
| | ছ) পেপারবুক | সর্বোচ্চ ৪,০০০/- |
| | জ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ৩,০০০/- |
| ৬. | মামলার গুণাগুণ বা অন্যান্য বিষয়ে আইনগত মতামত (Legal Opinion) প্রদান | সর্বোচ্চ ৩,০০০/- |
| ৭. | রায়/আদেশ/পিটিশন ইত্যাদির জাবেদা নকল উত্তোলন প্রকৃত খরচসহ) | প্রকৃত খরচ |
| ৮. | জুনিয়র ফি বাবদ সাকুল্য (সম্পূর্ণ মামলার জন্য) | সর্বোচ্চ ৬,০০০/- |
| ৯. | ক্লার্ক ফি বাবদ সাকুল্য ( সম্পূর্ণ মামলার জন্য) | সর্বোচ্চ ২,৫০০/- |
| ১০. | ক) ফৌজদারী আপিলের মুসাবিদা প্রস্তুত ও দায়ের | সর্বোচ্চ ৭,০০০/- |
| | খ) ফৌজদারী আপিলের শুনানী বাবদ | সর্বোচ্চ ৩,০০০/- |
| | গ) ফৌজদারী আপিলের Admission Hearing (Apeal admission/Ad-interim order) সহ বিবিধ দরখাস্তের মুসাবিদা প্রস্তুত, দায়ের ও শুনানী বাবদ | সর্বোচ্চ ৫,০০০/- |
| | ঘ) কোর্ট ফি | প্রকৃত খরচ |
| | ঙ) Requisite জমা | প্রকৃত খরচ |
| | চ) পেপারবুক | সর্বোচ্চ ৪,০০০/- |
| | ছ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ২,৫০০/- |
| ১১. | ক) ফৌজদারী রিভিশন দরখাস্তের মুসাবিদা প্রস্তুত ও দায়ের | সর্বোচ্চ ৩,০০০/- |
| | খ) ফৌজদারী রিভিশন শুনানী বাবদ | সর্বোচ্চ ২,৫০০/- |
| | গ) কোর্ট ফি | প্রকৃত খরচ |
| | ঘ) Requisite জমা | প্রকৃত খরচ |
| | ঙ) পেপারবুক | সর্বোচ্চ ৪,০০০/- |
| | চ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ২,৫০০/- |
| ১২. | আইনগত মতামত | সর্বোচ্চ ৩,০০০/- |

**পরিশিষ্ট-'খ'**

## ক) জেলা জজ আদালত/ট্রাইব্যুনাল/অন্যান্য অধঃস্তন আদালত দেওয়ানী মামলায়ঃ

| ক্রম | বিবরণ | প্রাপ্য ফি এর পরিমাণ |
|---|---|---|
| ১. | ক) আরজি ও আপিল স্মারক প্রস্তুত, দায়ের ও শুনানী বাবদ | সর্বোচ্চ ৫,০০০/- |
| | খ) কোর্ট ফি (প্রকৃত ও এ্যাডভেলোরেম) | সংশ্লিষ্ট আইনে নির্ধারিত ফি |
| | গ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ২,৫০০/- |
| ২. | ক) লিখিত জবাবের মুসাবিদা প্রস্তুত, দায়ের ও শুনানী বাবদ | সর্বোচ্চ ৫,০০০/- |
| | খ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ২,৫০০/- |
| ৩. | ছানি মামলার দরখাস্ত বা আপত্তি প্রস্তুত শুনানী বাবদ | সর্বোচ্চ ১,৫০০/- |
| ৪. | অন্তর্বর্তী (Interlocatory) দরখাস্ত বা এতদসংক্রান্ত আপত্তি প্রস্তুত ও শুনানী বাবদ | সর্বোচ্চ ১,৫০০/- |
| ৫. | ক) সাধারণ দরখাস্ত প্রস্তুত ও শুনানী বাবদ | সর্বোচ্চ ৬,০০/- |
| | খ) সময়ের দরখাস্ত প্রস্তুত ও শুনানী বাবদ | সর্বোচ্চ ৩০০/- |
| | গ) হাজিরা দাখিল বাবদ | সর্বোচ্চ ৩০০/- |
| | ঘ) জরুরী দরখাস্ত প্রস্তুত ও শুনানী (সময়ের দরখাস্ত ব্যতিরেকে) বাবদ | সর্বোচ্চ ৮০০/- |
| ৬. | চূড়ান্ত শুনানী (সাক্ষ্য গ্রহণ) প্রতিদিনের জন্য | সর্বোচ্চ ১,০০০/- |
| ৭. | যুক্তিতর্ক শুনানী (সম্পূর্ণ মামলার জন্য) | সর্বোচ্চ ১,৫০০/- |
| ৮. | সোলেনামা দরখাস্ত প্রস্তুত ও শুনানী বাবদ | সর্বোচ্চ ১,০০০/- |
| ৯. | ডিক্রি জারী মামলা প্রস্তুত ও নিষ্পত্তি বাবদ | সর্বোচ্চ ১,৫০০/- |
| ১০. | রায়/আদেশ/আরজি/জবাব/রিপোর্ট ইত্যাদির জাবেদা নকল উত্তোলন (প্রকৃত খরচসহ) | সাচিবিক বিভাগ কর্তৃক নির্ধারিত |
| ১১. | আইনজীবী সহকারীর ফি বাবদ(১টি মামলা নিষ্পত্তির জন্য) | সর্বোচ্চ ২,০০০/- |
| ১২. | লিগ্যাল নোটিশ প্রস্তুত ও প্রেরণ (পোস্টাল খরচসহ) সাকুল্যে | সর্বোচ্চ ১,৫০০/- |
| ১৩. | আইনগত মতামত | সর্বোচ্চ ২,৫০০/- |

## খ) ফৌজদারী মামলায়ঃ

| ক্রম | বিবরণ | প্রাপ্য ফি এর পরিমাণ |
|---|---|---|
| ১. | এফ. আই.আর বা জিডি প্রস্তুত বাবদ | সর্বোচ্চ ১,৮০০/- |
| ২. | ক) আরজি মুসাবিদা ও আপিল স্মারক প্রস্তুত এবং শুনানী বাবদ | সর্বোচ্চ ৩,০০০/- |
| | খ) আনুষঙ্গিক খরচ | সর্বোচ্চ ১,৫০০/- |
| ৩. | রিভিশন দরখাস্ত প্রস্তুত ও এ্যাডমিশন শুনানী বাবদ | সর্বোচ্চ ২,০০০/- |
| ৪. | রিভিশন দরখাস্ত চূড়ান্ত শুনানী বাবদ | সর্বোচ্চ ১,০০০/- |
| ৫. | নারাজি দরখাস্ত ও শুনানী বাবদ | সর্বোচ্চ ১,০০০/- |
| ৬. | অভিযোগ গঠন বিষয়ে শুনানী বাবদ | সর্বোচ্চ ৫০০/- |
| ৭. | জামিনের দরখাস্ত প্রস্তুত ও শুনানী বাবদ | সর্বোচ্চ ১,০০০/- |
| ৮. | জামিননামা প্রস্তুত ও দাখিল বাবদ | সর্বোচ্চ ৬০০/- |
| ৯. | বিভিন্ন জরুরী দরখাস্ত শুনানী (সময়ের দরখাস্ত ব্যতিরেকে) বাবদ | সর্বোচ্চ ৮০০/- |
| ১০. | সাক্ষ্য গ্রহণের ক্ষেত্রে সাকুল্যে | সর্বোচ্চ ১,২০০/- |
| ১১. | যুক্তিতর্ক বা আপিল মামলা শুনানী বাবদ | সর্বোচ্চ ১,২০০/- |
| ১২. | ফৌজদারী মিস মামলার দরখাস্ত প্রস্তুত ও শুনানী বাবদ | সর্বোচ্চ ৮০০/- |
| ১৩. | হাজিরা দাখিল বাবদ | সর্বোচ্চ ৩০০/- |
| ১৪. | আইনজীবী সহকারীর ফি বাবদ (১টি মামলা নিষ্পত্তির জন্য) | সর্বোচ্চ ১,০০০/- |
| ১৫. | আইনগত মতামত | সর্বোচ্চ ২,৫০০/- |

**পরিশিষ্ট-'গ'**

## আইন উপদেষ্টার সম্মানী/প্রাপ্য ফি মানদন্ডঃ

| ক্রম | বিবরণ | প্রাপ্য ফি এর পরিমাণ |
|---|---|---|
| ১. | মাসিক সম্মানী (নির্ধারিত) | সর্বোচ্চ ১০,০০০/- |
| ২. | আইনগত মতামত | সর্বোচ্চ ৩,০০০/- |
| ৩. | অন্যান্য ফি | পরিশিষ্ট- ক ও খ মোতাবেক অথবা পরিশিষ্ট- ক ও খ এ উল্লিখিত না থাকলে সাচিবিক বিভাগের সুপারিশক্রমে সংস্থার চেয়ারম্যান অনুমোদন সাপেক্ষে। |